

মাউশি ও বিভিন্ন দপ্তর পরিদর্শনে শিক্ষা সচিব

নিজস্ব প্রতিবেদক

০৮ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক হঠাৎ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং রাজধানীর বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ পরিদর্শন করেছেন।

পরিদর্শনকালে তিনি সংশ্লিষ্ট দপ্তরগুলোর কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি, শৃঙ্খলা এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি সরেজমিনে পর্যালোচনা করেন। বিশেষ করে সময়মতো অফিসে উপস্থিতি নিশ্চিত করা, বিদ্যুতের অপচয় রোধ, অপ্রয়োজনীয় এসি ব্যবহার কমানো এবং কর্মপরিবেশ পরিচ্ছন্ন রাখার বিষয়ে কঠোর নির্দেশনা দেন।

এ সময় শিক্ষা সচিব বলেন, দপ্তরের পরিবেশ সব সময় পরিচ্ছন্ন রাখতে হবে, সময়ানুবর্তিতা বজায় রাখতে

হবে এবং দায়িত্ব পালনে আন্তরিক হতে হবে। আমাদের কাজের মানই শিক্ষাব্যবস্থার সামগ্রিক মান নির্ধারণ করে।

পরে আবদুল খালেক বেগম বদরুল্লাহ সারকারি মহিলা কলেজের বিভিন্ন শ্রেণিকক্ষ পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। তাদের পাঠ্যক্রমের অগ্রগতি, সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ এবং সামগ্রিক শিক্ষা পরিবেশ সম্পর্কে খোঁজ নেন।

পরিদর্শন শেষে সচিব জানান, প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ সন্তোষজনক হলেও সহশিক্ষা কার্যক্রমে কিছু ঘাটতি রয়েছে। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠান কেবল পাঠ্যবইকেন্দ্রিক হলে চলবে না। খেলাধুলা, সাংস্কৃতিক ও সৃজনশীল কার্যক্রম শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

শিক্ষার্থীদের দক্ষতা ও মানসিক বিকাশ নিয়মিত পর্যবেক্ষণের লক্ষ্যে প্রতি মাসে অন্তত একবার নিজে অথবা তার প্রতিনিধির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে বলেও জানান শিক্ষা সচিব।